

# নগরজুড়ে গাছ লাগান : আনিসুল হক

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৯:১৩ এএম, ১৮ জানুয়ারি ২০১৭



সবুজ মহানগর গড়ার লক্ষ্যে রাজধানীর বাসা বাড়ি ও ছাদে গাছ লাগানোর আহ্বান জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক।

তিনি বলেন, সবুজ ও বাসযোগ্য ঢাকা গড়তে গাছ লাগানোর বিকল্প কিছুই নেই। গাছ আমাদের মধ্যে অক্সিজেন দেয় এবং পরিবেশ থেকে কার্বন-ড্রাই-অক্সাইড শোষণ করে নেয়। এ জন্য সবাই মিলে গাছ লাগাতে হবে।

বুধবার দুপুরে রাজধানীর মহাখালীর বিএএফ শাহীন স্কুল অ্যান্ড কলেজে সবুজ ঢাকার গ্রিন ঢাকা ক্যাম্পেইন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

আনিসুল হক বলেন, গত বছর আমরা একটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দিয়ে রাজধানীর শিশুদের ওপর জরিপ করিয়েছিলাম। জরিপে দেখা গেছে ২৫ শতাংশ শিশুর লাঞ্চ বেশি আক্রান্ত। এর অন্যতম কারণ অতিরিক্ত কার্বন। নগরীতে পর্যাপ্ত গাছ থাকলে তারা পরিবেশ থেকে কার্বনডাই-অক্সাইড শোষণ করে অক্সিজেন দিতে, এই শিশুরা ক্ষতিগ্রস্ত হতো না। তাই শিশু, যুবক সবাইকে গাছ লাগাতে হবে।

মেয়র বলেন, আমাদের ফুটপাথগুলোতে আগে হাঁটা যেতো না। আমরা উদ্যোগ নিয়েছি আগামী ছয় মাসের মধ্যে সব ফুটপাথে অন্ধ ও প্রতিবন্ধীরা তাদের হুইল চেয়ার নিয়ে হাঁটতে পারবেন। এক্ষেত্রে প্রতিবন্ধকতা হচ্ছে মটর সাইকেল। যারা মটর সাইকেল চালান তারা ফুটপাথে গাড়ি তুলে দেন।

তিনি বলেন, অনেকেই মাইক্রোবাসের এক চাকা ফুটপাথে তুলে দিয়ে পার্কিং করেন। আমরা সবাই মিলে তাদের নিষেধ করবো, আপনারা ফুটপাথে গাড়ি তুলবেন না। কেউ যদি এটা অমান্য করে তাকে পুলিশে ধরিয়ে দিন।

উপস্থিত শিশুদের উদ্দেশে আনিসুল হক বলেন, তোমরা প্রত্যেকে আগামীর কর্ণধার। তোমরাই পারো দেশটাকে বদলে দিতে। তোমরা সচেতন হলেই দেশ এগিয়ে যাবে। সবাই এখান থেকে গিয়ে অন্তত একটি চারা গাছ লাগাবে।

তিনি বলেন, আমরা উত্তরা এলাকায় ৩২ হাজার গাছ রোপন করেছি, আরো রোপন করবো। সবাই মিলে চেষ্টা করলে প্রতিদিন এক যোগে কয়েক হাজার গাছ রোপন করা যায়। আর মেয়র চেষ্টা করলে হয়তো ১০টা। এখানে তোমরা যতজন আছে বাড়িতে গিয়ে সবাই অন্তত একটি করে চারা রোপন করবে। তাহলে এই শহর পরিবর্তন হবেই।

সবুজ ঢাকা ও প্রাণ-আরএফএলের যোথ উদ্যোগে এ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। কর্মসূচির আওতায় রাজধানীর ৪০টি স্কুলে সর্বমোট ১লাখ চারা রোপণ করা হবে।

বিএএফ শাহীন কলেজের অধ্যক্ষ গ্রুপ ক্যাপ্টেন এ এইচ এম আমিরুল আহসানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- কৃষি সম্প্রসারণ অধিদফতরের মহা-পরিচালক মাঞ্জুরুল হান্নান, আরএফএল গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর আর এন পাল, ইউনিভার্সেল মেডিক্যাল কলেজ অ্যান্ড হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী প্রমুখ।